প্রধানমন্ত্রীর ঈদ উপহার পেলেন জৈন্তাপুরের ৮৭ পরিবার

চেম্বার ডেস্ক:: প্রধানমন্ত্রীর ঈদ উপহার পেয়েছেন জৈন্তাপুর উপজেলার ৮৭টি ভূমিহীন পরিবারের সদস্যবৃন্দ।

আজ মঙ্গলবার (২৬ এপ্রিল) জৈন্তাপুর উপজেলা পরিষদ মিলনায়তনে তাদের হাতে নতুন ঘরসহ প্রয়োজনীয় কাগজপত্র হস্তান্তর করা হয়।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ প্রকল্পের তৃতীয় পর্যায়ের আওতায় জৈন্তাপুর উপজেলার ৮৭ পরিবার জন্য নতুন ঘর নির্মাণ কাজ সম্প্রতি শেষ হয়েছে।

সকাল ১০টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঘর বিতরণ কার্যক্রম আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ঘর হস্থান্তর উপলেক্ষ জৈন্তাপুর উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আল বশিরুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জৈন্তাপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামাল আহমদ। উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বশির উদ্দিন, সহকারী কমিশনার (ভূমি) রিপামনী দেবী, জৈন্তাপুর মডেল থানার অফিসার ইনচার্জ গোলাম দস্তগীর আহমেদ, বীরমুক্তিযোদ্ধা আব্দুর রশিদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. সালাহউদ্দিন, উপজেলা শ্রমিকলীগের সভাপতি ফারুক আহমদ।

পরে প্রধানমন্ত্রীর পক্ষে ভুমিহীনদের মধ্যে উপহারের ঘর ও জমির দলিল হস্তান্তর করা হয়।